

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



রচনা প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াডে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। রচনা প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “খাদ্য অপচয় এবং এর প্রতিকার”।

খ গ্রুপ: “রেস্তোরা এবং স্ট্রীট ফুডকে নিরাপদ ও পুষ্টিমান নিশ্চিত করতে তরুণদের ভূমিকা”।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।



রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “রচনা প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।

শব্দ সীমা: ৫০০ শব্দ, কভার পৃষ্ঠা, রেফারেন্স, সারণী, চার্ট এবং গ্রাফ বাদে।

ভাষা: বাংলা অথবা ইংরেজি।

ফন্ট: টাইমস নিউ রোমান (ইংরেজির জন্য) ও ১২ ফন্ট এবং বিজয় ফন্ট (বাংলার জন্য) ১৪ ফন্ট ও ১.৫ স্পেস সহ।

কাগজের আকার: A4 সাইজ।

ফরম্যাট: পিডিএফ (PDF)।

সময়সীমা: ১০/১২/ ২০২১ (রাত ১১.৩০ মিনিট)। রচনা অবশ্যই এই সময়ের মধ্যে Google Form এ সাবমিট বা ডাকযোগের মাধ্যমে পৌঁছাতে হবে।

স্কেরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	মূল বিষয় উপস্থাপনা	৩৫
২.	সূচনা ও উপসংহার	২৫
৩.	সঠিক বানান ও ব্যাকরণ	২৫
৪.	নিয়মাবলী অনুসরণ	১৫

রচনা জমা দেওয়ার ঠিকানা: নিজের নাম, গ্রুপ, অর্ডার নাম্বার (রেজিস্ট্রেশন এর সময় তৈরি হবে) দিয়ে ফাইলটি অবশ্যই Rename করে সাবমিট করতে হবে। সাবমিট লিংক: <https://forms.gle/oDVUwLyknjEP7JuSA>, অথবা ডাকযোগে পাঠিয়ে দিন: BIID Foundation, বি ৩, বাড়ি নং- ১৭৪, লেভেল - ২, রোড নং - ০২, মহাখালী ডিওএইচএস, ঢাকা - ১২০৬ এই ঠিকানায়। ডাকযোগে পাঠানোর সময় খামের উপর “Essay Competition (অর্ডার নাম্বার ও গ্রুপ নাম্বার)” লিখে দিতে হবে।

যোগাযোগ: রচনা প্রতিযোগিতা বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, সানজিদা শবনম এর সাথে ফোন: +৮৮০১৬৩৮০২৫৫২৭, অথবা ই-মেইল: sanjidatasneem395@gmail.com, অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯.

বিশেষ দ্রষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

অন্যান্য:

- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- মূল ধারণাগুলি যথাযথ রেফারেন্স সহ লিখতে হবে।
- পাদটীকা (foot note) ব্যবহার বাধ্যতামূলক।
- নির্বাচিত রচনাসমূহ BIID Foundation এর ওয়েবসাইটে আপলোড করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

